গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: ২০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, গোপালগঞ্জ পরিদর্শন প্রতিবেদন

গত ০২.০৩.২০২৪ খ্রি: তারিখ সকাল ৯.৩০ টায় ২০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, গোপালগঞ্জ পরিদর্শন করি। পরিদর্শনকালে ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, গোপালগঞ্জ সদর উপজেলা মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ২০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, গোপালগঞ্জ

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ০২/০৩/২০২৪, সকাল-৯.৩০ টা

০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : প্রযোজ্য নয়

০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

ক্রম	পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
০১	মেডিকেল অফিসার (ক্লিনিক)	০১	০১	০০	
০২	মেডিকেল অফিসার (এ্যানেসথেসিয়া)	০০	০০	০০	০১ জন অতিরিক্ত দায়িত্বে আছেন
০৩	পরিবার কল্যাণ পরিদর্শকা	০২	০৪	০০	০২ জন সংযুক্তিতে
০৪	সহকারি নার্সিং এ্যাটেনডেন্ট	০২	০২	০০	
০৫	ফিমেল মেডিকেল এ্যাটেনডেন্ট	০১	০১	০০	
০৬	গাড়ি চালক	০১	০১	০০	
০৭	পিয়ন কাম-চৌকিদার	০১	০২	০০	একজন আউট সোর্সিং-এ কর্মরত
০৮	পরিচ্ছন্ন কর্মী	০১	০২	০০	একজন আউট সোর্সিং-এ কর্মরত
০৯	আয়া	০১	০২	০০	০১ হন সংযুক্তিতে আছেন
১০	ফিমেল নার্সিং এ্যাটেনডেন্ট	০০	০০	০০	
১১	মিডওয়াইফ	০০	০১	০০	০১ জন সংযুক্তিতে আছেন
১২	দাই নার্স	০০	০০	০০	
১৩	অফিস সহায়ক/পরিচ্ছন্নতা কর্মী আউট সোর্সিং কর্তৃক	০০	০০	০০	

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি: সকলেই উপস্থিত ছিলেন।

০৬। পরিদর্শনকালে কোন Stakeholder যদি মতামত/পরামর্শ করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : প্রযোজ্য নয়

০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ প্রযোজ্য ক্ষেত্রে : প্রযোজ্য নয়

০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক

০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : কেন্দ্রের আবাসিক ভবনের সংস্কার প্রয়োজন

১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : পুরাতন

১১। কোন সমস্যা/চাহিদা : কেন্দ্রের সেবার মান অধিকতর বৃদ্ধির জন্য কনসালটেন্ট (গাইনী), এ্যানেসথেসিয়া পদ সৃষ্টি ও পদায়ন করতে হবে। একই সাথে কেন্দ্রে রোগীদের প্যাথলজিক্যাল পরীক্ষা করার (আলট্রাসনোগ্রাফি, ব্লাডগ্রুপিং, সিবিএস, আরবিএস ইত্যাদি) ব্যবস্থা করা গেলে প্রসব সেবা বৃদ্ধি পাবে। ভবনটি জরাজীর্ণ হওয়ায় পূন: নির্মাণ প্রয়োজন।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ : কেন্দ্রে পরিদর্শনকালে কর্মরত সকলকে রোগীদের সাথে আন্তরিকভাবে সেবা প্রদান করতে দেখা গেছে। ভবনের কোয়ার্টারটি জরাজীর্ণ। কেন্দ্রে কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকাগনকে রোগীদের ইডিডি (EDD) তারিখ লক্ষ্য রেখে মোবাইল ফোনের মাধ্যমে গর্ভবতী মায়েদের খোঁজ নিতে দেখা গেল। ওয়ার্ডে ভর্তি একজন মায়ের সাথে কথা বলে জানা গেল তারা পুরো গর্ভকালীন সময়ে অত্র কেন্দ্রের ফলো আপে ছিল। ব্যাথা মাত্রই তারা ভর্তি হন কিন্তু প্রসব ব্যাথা উঠলে ডেলিভারী হচ্ছিল না। তখন এখানে সিজারিয়ান অপারেশন করানো হয়। এখন বাচ্চা ও মা উভয়ই সুস্থ আছেন। কেন্দ্রের সেবায় তারা সন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়া কেন্দ্রে সেবা নিতে আসা উপস্থিত রোগীগন সেবা কর্মীদের সেবায় সন্তোষ প্রকাশ করেন।কেন্দ্রে সার্বক্ষনিক ডেলিভারী সেবা চালু রয়েছে। গত ফেব্রুয়ারি/২৪ খ্রি. মাসে ২৯টি নরমাল ডেলিভারী ও ০৪টি সিজারিয়ান অপারেশন করানো হয়।জেলার যে কোন প্রান্ত হতে বিনামূল্যে এ্যাম্বুলেস দ্বারা প্রসূতি মায়েদের পরিবহনের ব্যবস্থা রয়েছে। কেন্দ্রের পরিবেশ পরিচ্ছন্ন ও সুন্দর। এখানে একটি কিশোরী কর্ণার রয়েছে।

২৫/০৫/২০২৪

(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬০
Email: population2@mefwd.gov.bd